

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প  
মহিলা বিষয়ক অধিদপ্তর,  
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।  
[www.kkcp.gov.bd](http://www.kkcp.gov.bd)

স্মারক নং- ৩২.০১.০০০০.০০৩.০১.০৩৩.২৩- ২১৫৫

তারিখঃ ০৪/০২/২০২৫ খ্রি:


বিষয়ঃ কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের অডিট কার্যক্রম নিষ্পত্তির লক্ষ্যে বিল ভাউচার প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তরের স্মারক নং: ৮২.২২.০০০০.০০৮.১১.০০২.২৫ (৩) তারিখ: ০২/০২/২০২৫ খ্রি:

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের ২০২২-২০২৩ ও ২০২৩-২০২৪ অর্থ বছরের অডিট কার্যক্রম শীঘ্রই প্রকল্প পরিচালকের কার্যালয়ে শুরু হবে। অডিট সম্পাদনের লক্ষ্যে সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তরের চাহিদা মোতাবেক ২০২২-২০২৩ ও ২০২৩-২০২৪ অর্থ বছরের সকল বাজেট বরাদ্দের কপি (সংশোধিতসহ), সমস্ত বিল ভাউচারের সত্যায়িত ফটোকপি, ক্যাশবহির সত্যায়িত ফটোকপি, ব্যাংক স্টেটমেন্ট ও সকল অর্থনৈতিক খাতের ব্যয় প্রতিবেদন (বাজেট সমর্পণ রিপোর্ট) আগামী ২৬/০২/২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে প্রকল্পের প্রধান কার্যালয়ে ডাকযোগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। এখানে উল্লেখ্য যে, মহাপরিচালকের কার্যালয়, সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তর অত্র কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের সকল বিল ভাউচার অডিট/নিরীক্ষা করবেন। কোন কর্মকর্তা উক্ত সময়ের মধ্যে ব্যয়ের বিল ভাউচার প্রেরণে ব্যর্থ হলে তার দায়-দায়িত্ব তিনি ব্যক্তিগতভাবে বহন করবেন।

(বিষয়টি অতীব জরুরী)

উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর (সকল জেলা)  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল উপজেলা)

  
০৪.০২.২০২৫  
মোঃ লিয়াকত আলী  
উপপ্রকল্প পরিচালক  
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প  
মহিলা বিষয়ক অধিদপ্তর

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

- ১। উপপরিচালক, সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুন বাগিচা, ঢাকা।
- ২। নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা, সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স (৯ম তলা), সেগুন বাগিচা, ঢাকা।
- ৩। সহকারী পরিচালক (ওয়েবসাইটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। ফিল্ড সুপারভাইজর, কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প (সকল)।
- ৬। অফিস কপি।

মহাপরিচালকের কার্যালয়  
সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তর  
অডিট কমপ্লেক্স (৯ম তলা)  
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।  
[www.socialsecurityaudit.org.bd](http://www.socialsecurityaudit.org.bd)

নম্বর-৮২.২২.০০০০.০০৮.১১.০০২.২৫ (৩)

তারিখ: ০২/০২/২০২৫ খ্রিস্টাব্দ

বরাবর

প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

কিশোর কিশোরী ক্লাব স্থাপন শীর্ষক প্রকল্প

মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।

বিষয়: ২০২২-২০২৩ ও ২০২৩-২০২৪ অর্থবছরের হিসাবের উপর কমপ্রায়স নিরীক্ষা পরিচালনার লক্ষ্যে Audit Engagement Plan প্রণয়নের নিমিত্ত প্রয়োজনীয় তথ্য নিরীক্ষা দলের নিকট সরবরাহকরণ প্রসঙ্গে।

সূত্র: ৮২.২২.০০০০.০০৪.২২.০০৩.২৩.৮৯৭; তারিখ: ৩০/০১/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

কিশোর কিশোরী ক্লাব স্থাপন শীর্ষক প্রকল্প এর ২০২২-২০২৩ ও ২০২৩-২০২৪ অর্থ বছরের অডিট কার্য সম্পাদনের নিমিত্ত নিম্নবর্ণিত রেকর্ডপত্র সমূহ সরবরাহ করার জন্য অনুরোধ করা হলো:

- ১। অর্থনৈতিক কোডভিত্তিক বাজেট/সংশোধিত বাজেট বরাদ্দ ও প্রকৃত ব্যয়ের বিবরণী (আইবাস++);
- ২। বার্ষিক ক্রয় পরিকল্পনা;
- ৩। ব্যাংক স্টেটমেন্ট;
- ৪। প্রাধিকারভুক্ত গাড়ির নম্বর ও ব্যবহারকারীর নাম, পদবীসহ তালিকা;
- ৫। প্রতিষ্ঠানের অর্গানোগ্রাম;
- ৬। বিল ভাউচারের সংখ্যা;
- ৭। জেলা, উপজেলা ভিত্তিক বিভিন্ন প্রশিক্ষণের বরাদ্দ ও ব্যয় বিবরণী;
- ৮। জেলা, উপজেলা ভিত্তিক বিভিন্ন সেলস সেন্টারের ভাড়া চুক্তি, আয় ও ব্যয় বিবরণী
- ৯। জেলা, উপজেলা হতে প্রাপ্ত অব্যয়িত অর্থের হিসাব বিবরণী;
- ১০। টেন্ডার ডকুমেন্ট ও চুক্তিপত্র (ওটিএম, আরএফকিউ ও ডিপিএম);
- ১১। প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি সংক্রান্ত মন্ত্রণালয় ও আইএমইডি এর প্রতিবেদন;
- ১২। বাজেট বরাদ্দের মঞ্জুরিপত্র;
- ১৩। মন্ত্রণালয় কর্তৃক প্রকল্পে অর্থ ছাড়ের কপি;
- ১৪। অব্যয়িত অর্থ জমা প্রদানের কপি;
- ১৫। পূর্ববর্তী অডিট আপত্তির হালনাগাদ তথ্য;
- ১৬। প্রকল্পের ডিপিপি/ সংশোধিত ডিপিপি;
- ১৭। এছাড়া নিরীক্ষা দলের চাহিদা মোতাবেক অন্যান্য তথ্যসমূহ।

MO 02/02/2025  
(মোঃ মাহাবুবুর রহমান)  
নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা  
দলপ্রধান, তথ্যসংগ্রহকারী দল নং-০৩